৪৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ৩ ...

## সরকারী ভেটেরিনারি কলেজ প্রসঙ্গে

বর্তমান সরকার পশুসম্পদ উন্নয়ন প্রসারের লক্ষ্যে সিলেট ও চট্টগ্রামে দু'টি সরকারী ভেটেরিনারি কলেজ প্রতিষ্ঠা করছে। সেখানে কম্বাইন্ড কোর্স দেয়া হবে। কিন্তু ডিগ্রীর নামকরণ কি ধরনের হবে সেটা সুস্পষ্ট নয়। আমরা মনে করি পাশ্চাত্য দেশগুলোতে ভেটেরিনারির ওপর যে সব ডিগ্রী দেয়া হয় এবং যা বিশ্বে স্বীকৃতিপ্রাপ্ত, সে ধরনের নামকরণ করা হোক। DVM (Doctor of Veterinary Medicine) একটি পূর্ণাঙ্গ ডিগ্রী, যা বিশ্বে স্বীকৃতিপ্রাপ্ত। তাই সরকারী ভেটেরিনারি কলেজগুলোতে DVM ডিগ্রী নামকরণ করার জন্য পশুসম্পদ মন্ত্রণালয় এবং পশুসম্পদ অধিদফতরের কাছে অনুরোধ জানাচ্ছি।

**খবির, প্রিন্স**

৩০৬/এ, সোহরাওয়ার্দী হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।